গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন মিরপুরস্থ ৯ নং সেকশনে (মিরপুর ডিওএইচএস সংলগ্ন) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সিঁড়ি, লবি ও লিফ্টসহ ১৫০০ বর্গফুট, ১৩৫০ বর্গফুট এবং ৮০০ বর্গফুট আয়তনের ১০০০ আবাসিক ফ্ল্যাট নির্মান প্রকল্পের অবশিষ্ট ৩০০ টি (কম বেশী) আবাসিক ফ্ল্যাট বরাদ্দের (স্বপ্ননগর আবাসিক প্রকল্প)

প্রসপেক্টাস ও আবেদনপত্র

NHA

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

গৃহায়ন ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

মুল্য : ১০০০/- (এক হাজার) টাকা মাত্র

Download from www.nha.gov.bd Date: 21/08/2017

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন মিরপুরস্থ ৯ নং সেকশনে (মিরপুর ডিওএইচএস সংলগ্ন) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সিঁড়ি, লবি ও লিফটসহ ১৫০০ বর্গফুট, ১৩৫০ বর্গফুট এবং ৮০০ বর্গফুট আয়তনের ১০০০ আবাসিক ফ্ল্যাট নির্মান প্রকল্পের অবশিষ্ট ৩০০ টি (কম বেশী) আবাসিক ফ্ল্যাট বরাদ্দের (স্বপ্ননগর আবাসিক প্রকল্প)

প্রস্পেক্টাস

১.০ : আবেদনকারীগণের যোগ্যতা

১.১. আগ্রহী বাংলাদেশী নাগরিক/ব্যক্তিগণকে ১,০০০.০০ (এক হাজার) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে ক্রয়কৃত প্রসপেক্টাস এর সহিত নির্ধারিত ফরমে বিজ্ঞাপনে প্রকাশিত তারিখের মধ্যে আবেদন করিতে হইবে।

১.২. বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করিতে পারিবেন এবং তাঁহাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাবরে FC A/C.No.01100682 হিসাবে SWIFT CODE: BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-এর মাধ্যমে ২০ (বিশ) মার্কিন ডলার জমা প্রদানক্রমে সংগ্রহ করিতে পারিবেন। অথবা আবেদনকারী যেভাবে যে ঠিকানায় প্রসপেক্টাস পাইতে ইচ্ছুক সে ঠিকানাটি ই-মেইল ও ফ্যাক্স যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়কে অবহিত করিলে (National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh. Phone : +88-02-9562762, Fax : +88-02-9562618, e-mail : chairman@nha.gov.bd) সেই ঠিকানায় প্রস্পেক্টাস প্রেরণ করা হইবে। তবে এইক্ষেত্রে ডাক মাশূলের খরচ আবেদনকারীকে বহন করিতে হইবে।

১.৩. যদি কেহ নিজ নামে, স্ত্রী/স্বামী/সন্তান/পোষ্য বা বেনামে ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ ও উত্তর উভয়) আওতাধীন এলাকার মধ্যে কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইতে জমি/ফ্ল্যাট বরাদ্দ পাইয়া থাকেন তবে তিনি এই প্রকল্পে ফ্ল্যাট বরাদ্দের জন্য দরখাস্ত করিবার যোগ্য হইবেন না। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হইবে।

১.৪. প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক এর সম্মুখে নির্ধারিত ছকে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ০৪/০৫/২০১৫ খ্রিস্টাব্দ তারিখের পরে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। NRB এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

১.৫. আবেদনকারীর বয়স ০৪/০৫/২০১৫ইং খ্রিস্টাব্দ তারিখে ন্যূনতম ২৫ বৎসর হইতে হইবে।

২.০ : প্রসপেক্টাস ও আবেদন ফরম ক্রয় ও দাখিল ঃ

২.১. নিম্নলিখিত দপ্তর সমূহে অফিস চলাকালীন সময়ে ১,০০০.০০ (এক হাজার) টাকা নগদ গ্রহণ সাপেক্ষে পত্রিকায় প্রকাশিত তারিখ হইতে ফ্ল্যাটের প্রস্পেক্টাস বিক্রয় ও আবেদনপত্র গ্রহণ করা হইবে :

(১) ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
(২) ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা।
(৩) ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা।
(৪) মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেকশন-২, মিরপুর, ঢাকা।
(৫) চট্টগ্রাম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, জিইসি মোড়, নাসিরাবাদ, চট্টগ্রাম।
(৬) সিলেট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, শিবগঞ্জ, সিলেট।
(৭) রাজশাহী ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সপুরা, রাজশাহী।
(৮) খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা।
(৯) দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, নিউ টাউন, দিনাজপুর।

২.২. আগ্রহী ব্যক্তিগণকে এ প্রস্পেক্টাসের সহিত সংযুক্ত নির্ধারিত ফরমে (সংযুক্ত আবেদন ফরম) আবেদন করিতে হইবে। আবেদনপত্রের ফরমটি বিস্তারিত তথ্য সহকারে যথাযথভাবে পূরণ পূর্বক বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের মধ্যে ২.১ অনুচ্ছেদে বর্ণিত জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের যে কোন ডিভিশন অফিসে জমা দিতে হইবে।

Download from www.nha.gov.bd Date: 21/08/2017

চলমান পাতা-২

২.৩. আবেদনকারীকে আবেদন পত্রের সাথে যে কোন তফসিলী ব্যাংক হইতে ১৫০০ বর্গফুট আয়তনের ফ্ল্যাটের জন্য টাঃ **২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা),** ১৩৫০ বর্গফুট আয়তনের ফ্ল্যাটের জন্য টাঃ **২,০০,০০০/- (দুই লক্ষ টাকা)** এবং ৮০০ বর্গফুট আয়তনের ফ্ল্যাটের জন্য টাঃ **১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা)** মাত্র ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার, চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা এর অনুকূলে জামানত হিসেবে জমা দিতে হইবে। যিনি ফ্ল্যাট বরাদ্দ পাইবেন, তাহার জামানতের টাকা সংশ্লিষ্ট ফ্ল্যাটের ১ম কিস্তির টাকার সাথে সমন্বয় করা হইবে। যিনি ফ্ল্যাট বরাদ্দ পাইবেন না, তাহার জামানতের টাকা লটারী অনুষ্ঠিত হওয়ার অনধিক দুই মাসের মধ্যে সুদবিহীন ফেরত দেওয়া হইবে।

বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করিতে পারিবেন। তাহারা অবশ্যই সমপরিমান টাকা পাউন্ড স্টার্লিং/আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার বরাবরে FC A/C. No. 01100682 হিসাবে SWIFT CODE: BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-এর মাধ্যমে প্রদান করিবেন। তাহাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩.০ : ফ্ল্যাটের মূল্য এবং ফ্ল্যাটের দখল হস্তান্তর

৩.১. ১৫০০ বর্গফুট (কম-বেশী) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৬৪,৪৬,০০০/- টাকা (কম-বেশী), ১৩৫০ বর্গফুট (কম-বেশী) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৫৮,০২,০০০/- টাকা (কম-বেশী) এবং ৮০০ বর্গফুট (কম-বেশী) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৩৪,৩৮,০০০/- টাকা (কম-বেশী) ধার্য্য করা হইয়াছে। ভবন নির্মাণকালে কোন কারণে (যেমন : নির্মান সামগ্রীর মূল্য হ্রাস/বৃদ্ধি, সরকারকে প্রদেয় Income Tax /Vat, GI Structure, Tender মূল্য কাজের পরিমাণ/আইটেম ইত্যাদি) ফ্ল্যাটের মূল্য হ্রাস/বৃদ্ধি পাইলে ফ্ল্যাটের হ্রাসকৃত/বর্ধিত মূল্য কিস্তির সহিত সমন্বয় করা হইবে এবং এইক্ষেত্রে বরাদ্দ প্রাপকগণ সমন্বিত মূল্য পরিশোধে বাধ্য থাকিবেন, অন্যথায় বরাদ্দ পত্র বাতিল হইবে এবং প্রদানকৃত সমুদয় অর্থের শতকরা ৫% হারে কর্তন করিয়া অবশিষ্ট অর্থ বিনা সুদে অনধিক তিন মাসের মধ্যে ফেরত প্রদান করা হইবে।

৩.২. বরাদ্দ প্রাপকের নিকট হইতে ৫০% মূল্য পাওয়ার পর এবং নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়ার পর বরাদ্দ প্রাপকের নিকট ফ্ল্যাটের দখল হস্তান্তর করা হইবে এবং সম্পূর্ণ কিস্তির টাকা পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজ খরচে ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করিতে হইবে। দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণের দায়-দায়িত্ব স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকগণের উপর ন্যস্ত হইবে। দালান ভিত্তিক অথবা প্রকল্প ভিত্তিক সমিতি গঠনের মাধ্যমে বরাদ্দ প্রাপকগণ কমন সার্ভিস যেমন : সাব-স্টেশন, লিফ্ট জেন-ারেটর, পানির পাম্প, পয়ঃপ্রণালী ও নিষ্কাশন ইত্যাদির যাবতীয় রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবেন এবং এজন্য যাবতীয় বিলসহ আনুষঙ্গিক রক্ষণাবেক্ষণের ব্যবস্থা সমিতি কর্তৃক পরিচালিত হইবে। তবে শর্ত থাকে যে, এইক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মতামত অবশ্যই গ্রহণ করিতে হইবে।

৩.৩. গাড়ী পার্কিং এর জন্য অতিরিক্ত অর্থ (যা নির্মাণ ব্যয় বিবেচনা করে ধার্য্য করা হবে) ৪ (চার) কিস্তিতে পরিশোধ করিতে হইবে। উল্লেখ্য, সকল ফ্ল্যাট বরাদ্দ প্রাপককে পার্কিং দেওয়া সম্ভব হইবে না। পার্কিং এর সংখ্যার তুলনায় আবেদনকারী বেশী হইলে লটারীর মাধ্যমে পার্কিং এরিয়া বরাদ্দ দেওয়া হইবে।

৩.৪. প্রকল্পের স্বার্থে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ মূল্য তালিকায় যেকোন ধরণের পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা সংরক্ষণ করিবে।

৪.০ : ফ্ল্যাটের কিস্তি পরিশোধ

৪.১. ফ্ল্যাটের জন্য নির্বাচিত ব্যক্তিকে মোট মূল্যের ৫০% অর্থ জরিমানা ব্যতীত নির্মাণকালীন সময়ে ৪ (চার) বৎসরে বাৎসরিক কিস্তিতে ফ্ল্যাটের দখল গ্রহনের পূর্বেই পরিশোধ করিতে হইবে। কিস্তি পরিশোধে ব্যর্থতার কারণে ১১% সরল সুদে জরিমানাসহ কিস্তির অর্থ আদায় করা হইবে। তবে কিস্তি ১ (এক) বৎসরের বেশী খেলাপী হইলে ১৩% সরল সুদে আদায় করা হইবে। এক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বেশী কিস্তি খেলাপী হইলে বরাদ্দপত্র বাতিল করা হইবে। অবশিষ্ট ৫০% অর্থ সুদবিহীনভাবে এককালীন পরিশোধে আগ্রহীগন ৪র্থ কিস্তির সহিত প্রদান করিতে পারিবেন।

৪.২. ফ্ল্যাটের দখল হস্তান্তরের পর অবশিষ্ট ৫০% টাকা সর্বোচ্চ ১৬ (ষোল) বছরের মাসিক কিস্তিতে ১১% সরল সুদসহ সুদ-আসলে পরিশোধ করিতে হইবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে বরাদ্দ গ্রহীতা ফ্ল্যাটের মাসিক কিস্তির অর্থ জমা দিতে ব্যর্থ হইলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর পূর্বানুমতি সাপেক্ষে ৬ মাসের মধ্যে অতিরিক্ত ১৩% হারে সুদসহ কিস্তির টাকা জমা দিতে পারিবেন। বর্ধিত সময়ের মধ্যেও কিস্তির টাকা জমা দিতে ব্যর্থ হইলে ফ্ল্যাটের বরাদ্দ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থের ২% হারে কর্তন করিয়া অবশিষ্ট অর্থ এককালীন, অনধিক তিন মাসের মধ্যে আবেদনকারী বা উত্তরাধিকারীকে ফেরত প্রদান করা হইবে।

Download from www.nha.gov.bd Date: 21/08/2017

৪.৩. ফ্ল্যাটের জন্য বিদেশে কর্মরত বরাদ্দ প্রাপককে ফ্ল্যাটের মূল্যের ৫০% অর্থ পাউন্ড স্টার্লিং/আমেরিকান ডলারে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার বরাবরে FC A/C. No. 01100682 হিসাবে SWIFT CODE: BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

৪.৪. বরাদ্দ প্রাপক ফ্ল্যাটের মূল্য একাধিক কিস্তি একত্রে অথবা এককালীন পরিশোধ করিতে পারিবেন।

৪.৫. ফ্ল্যাটের দখল হস্তান্তরের পর বিদেশে কর্মরত বাংলাদেশী আবেদনকারীগণের জন্য অবশিষ্ট ৫০% মূল্য এককালীন অথবা ৪ (চার) বৎসরে বার্ষিক কিস্তিতে ১১% হারে সরল সুদে বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য। বিস্তারিত পরিশোধ পদ্ধতি বরাদ্দপত্রের সহিত সরবরাহ করা হইবে। তবে ৪ (চার) বছরের পূর্বে যদি কেহ বাংলাদেশে ফিরিয়া আসেন তাহা হইলে দেশে ফিরিবার পূর্বেই অবশিষ্ট সমুদয় অর্থ বৈদেশিক মুদ্রায় পরিশোধ করিতে হইবে।

৪.৬. যাহারা লটারীতে ফ্ল্যাট পাইবেন না তাহাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকের তালিকা প্রকাশের পর অনধিক ১ (এক) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা অফিস হইতে ফেরত দেওয়া হইবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হইবে না।

৪.৭. সকল আবেদনকারী তাহাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নম্বরে ফেরত পাইতে ইচ্ছুক তাহার একাউন্ট নম্বর, ব্যাংকের নাম ও ঠিকানা আবেদনপত্রে উল্লেখ করিবেন। যে সকল আবেদনকারী ফ্ল্যাট পাইবেন না অথবা ফ্ল্যাট পাইলে পরবর্তীতে নিতে আগ্রহী হইবেন না তাহাদের জামানতের টাকা উক্ত একাউন্ট নম্বর ও ঠিকানায় আবেদন সাপেক্ষে প্রেরণ করা হইবে।

৪.৮. যে সকল আবেদনকারী ফ্ল্যাটের বরাদ্দ পাইবেন, তাহাদের প্রদত্ত জামানতের টাকা ফ্ল্যাটের মূল্যের প্রথম কিস্তির সহিত সমন্বয় করা হইবে।

৪.৯. বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ পাউন্ড স্টার্লিং/আমেরিকান ডলার অথবা এফ সি একাউন্টস্ এর মাধ্যমে বাংলাদেশী মুদ্রায় ফ্ল্যাটের মূল্য পরিশোধ করিতে পারিবেন। সরকার (এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ) জমাকৃত অর্থ ফেরত দিলে উহা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পাইলে তাহা গ্রহণে সম্মত থাকিতে হইবে।

৫.০ : বরাদ্দ বাতিলকরণ, উচ্ছেদকরণ/ফ্ল্যাটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ

৫.১. যে সকল আবেদনকারী ফ্ল্যাট বরাদ্দ পাওয়া সত্ত্বেও ফ্ল্যাট নিতে ইচ্ছুক হইবেন না, তাহারা জামানতের টাকা ফেরত চাহিয়া আবেদন করিলে আবেদন প্রাপ্তির অনধিক ২ (দুই) মাসের মধ্যে জমাকৃত জামানতের অর্থ সুদ বিহীন ফেরত দেওয়া হইবে।

৫.২. অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃতভাবে তথ্য গোপন করিলে বা ভুল তথ্য পরিবেশন করিলে এবং প্রমাণিত হইলে, বরাদ্দপত্র বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হইবে।

৫.৩. একান্নভুক্ত পরিবার হইলে মাত্র একটি আবেদন করা যাইবে। একান্নভুক্ত পরিবারের সদস্যগণ একাধিক ফ্ল্যাট বরাদ্দ পাইলে এবং তাহা কোন সময়ে প্রমাণিত হইলে, ফ্ল্যাট বরাদ্দ বাতিল করা হইবে এবং ফ্ল্যাটের জন্য জমাকৃত জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

৫.৪. বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাইবার পর বরাদ্দপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করিলে বরাদ্দপত্র বাতিল হিসেবে গণ্য হইবে এবং বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়া হইবে।

৫.৫. ফ্ল্যাট গ্রহীতা কর্তৃপক্ষের লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত ফ্ল্যাটের বন্ধক, লীজ স্বত্ত্ব হস্তান্তর, কোন দায় সৃজন, বায়না, পাওয়ার অফ এ্যাটর্ণী (আমমোক্তার) ইত্যাদি প্রদান করিতে পারিবেন না। এ শর্ত ভঙ্গের কারনে বরাদ্দপত্র বাতিল করা হইবে।

৫.৬. বরাদ্দ প্রাপকের মৃত্যুজনিত ক্ষেত্রে বৈধ ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী এক বছর সময়সীমার মধ্যে কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে। অবশিষ্ট কিস্তির সমুদয় টাকা ওয়ারিশগণ সংশোধিত বরাদ্দপত্র গ্রহণ করিয়া নিয়মিতভাবে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তাঁহার ওয়ারিশগণের উপরও বর্তাইবে। ওয়ারিশগণ টাকা পরিশোধে ব্যর্থ হইলে বরাদ্দপত্র বাতিল করা হইবে এবং জমাকৃত টাকা ৫% কর্তন করিয়া তিন মাসের মধ্যে অবশিষ্ট টাকা ফেরত দেওয়া হইবে।

৬.০ : অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী/শর্তাবলী

৬.১. প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা হইবে।

৬.২. প্রকল্পে ১৫০০ বর্গফুট (সিঁড়ি, লবি ও লিফ্টসহ) আয়তনের ৫০০ টি ফ্ল্যাট, ১৩৫০ বর্গফুট (সিঁড়ি, লবি ও লিফ্টসহ) আয়তনের ৪০০ টি এবং ৮০০ বর্গফুট (সিঁড়ি, লবি ও লিফ্টসহ) আয়তনের ১০০ টি ফ্ল্যাট নির্মিত হবে। ১৪-তলা বিশিষ্ট প্রতিটি ভবন এর নীচতলা বাদে ১ম তলায় ৪ টি ও অন্যান্য তলায় ৮ টি ফ্ল্যাট হিসেবে ১০ টি ভবনে সর্বমোট ১০০০ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হইবে।

Download from www.nha.gov.bd Date: 21/08/2017

৬.৩. প্রতিটি ভবনের নীচ তলা এবং বেজমেন্টে কার পার্কিং এর জন্য ব্যবহৃত হইবে এবং পার্কিং স্পেস লটারীর ভিত্তিতে নির্ধারিত দরে বরাদ্দ করা হইবে।

৬.৪. প্রতিটি ভবনের অন্যান্য তলায় ফ্ল্যাটগুলো অনুচ্ছেদ ১১.০ এ বর্ণিত বিবরণ অনুযায়ী প্রণীত তালিকা হইতে প্রযোজ্য ক্ষেত্রে পয়েন্ট এর ভিত্তিতে বা লটারীর মাধ্যমে নির্ধারণ করা হইবে এবং বরাদ্দ প্রাপক লটারীতে প্রাপ্ত ফ্ল্যাট গ্রহণে বাধ্য থাকিবেন।

৬.৫. প্রতিটি ভবনে জেনারেটর ও লিফ্‌ট সংযোজনের (10-Passenger, 800 kg, 15-stop) ব্যবস্থা রাখা হইয়াছে। এছাড়া প্রতিটি ভবনে stair case এর ব্যবস্থা আছে।

৬.৬. ফ্ল্যাট বিল্ডিং এর যাবতীয় মেরামতসহ অন্যান্য সুবিধাদি ও বসবাসের পরিবেশ বজায় রাখার দায়িত্ব বরাদ্দ গ্রহীতাগণ যৌথভাবে পালন করিবেন। তাঁহারা এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষের অনুমতিক্রমে এক মাসের মধ্যে একটি সমিতি গঠন করিবেন। আবাসিক ভবনসমূহে আনুষঙ্গিক এবং সাধারণ সুবিধাদি ইজারা দলিলে (Lease Deed) প্রতিফলিত হইবে।

৬.৭. ১৫০০ বর্গফুট (কম-বেশী) আয়তন বিশিষ্ট ভবনের ক্ষেত্রে বরাদ্দকৃত ভবনটি যে পরিমাণ জায়গার উপর নির্মিত হইয়াছে তার ১/১০০ ভাগ জায়গা, ১৩৫০ বর্গফুট (কম-বেশী) আয়তন বিশিষ্ট ভবনের ক্ষেত্রে বরাদ্দকৃত ভবনটি যে পরিমাণ জায়গার উপর নির্মিত হয়েছে তার ১/১০০ ভাগ জায়গা এবং ৮০০ বর্গফুট (কম-বেশী) আয়তন বিশিষ্ট ভবনের ক্ষেত্রে বরাদ্দকৃত ভবনটি যে পরিমাণ জায়গার উপর নির্মিত হয়েছে তার ১/১০০ ভাগ জায়গা অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় আবেদনকারী মালিক হইবেন। যাহা Lease Deed এ উল্লেখ থাকিবে। যাহারা ফ্ল্যাটের বরাদ্দ পাইবেন তাঁহারা ৯৯ বৎসরের লীজ শর্তে সংশ্লিষ্ট ফ্ল্যাটটির Leasee হইবেন, কিন্তু রাস্তা বা খালি জায়গার অধিকারী হইবেন না বা ভবিষ্যতে একক বা যৌথভাবে পার্শ্ববর্তী জমির মালিকানা বা অধিকার দাবি করিতে পারিবেন না। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ তার নিজস্ব নীতিমালা ও নিয়মকানুনের আলোকে খালি জায়গা ব্যবহারের নিরঙ্কুস অধিকার সর্বাবস্থায় সংরক্ষণ করিবে।

৬.৮. বরাদ্দ প্রাপ্ত ফ্ল্যাটগুলির আবাসিক ব্যবহার ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

৬.৯. ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে অবশ্যই বরাদ্দ প্রাপককে যথানিয়মে কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

৭.০ আবেদনকারীগণকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি আবেদনের সহিত দাখিল করিতে হইবে

৭.১. চাকুরীজীবি আবেদনকারীদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে আবেদনকারীর পরিচিতি (নাম, পদবী, জন্ম তারিখ) আবেদনের তারিখে মাসিক মূল বেতন, বেতন স্কেল উল্লেখ পূর্বক সার্টিফিকেট এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেট বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত করিয়া সংযুক্ত করিতে হইবে। ক্রমিক নং-৯.১ এ উল্লেখিত পেশাজীবি গ্রুপ ব্যতীত অন্যান্য আবেদনকারীগণ, যাহাদের বাৎসরিক আয় ২,২০,০০০.০০ (দুই লক্ষ বিশ হাজার) টাকার নিচে, তাহাদের আয়ের স্বপক্ষে ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/স্বায়ত্বশাসিত সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তা/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/মেয়র, পৌরসভা কর্তৃক সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

৭.২. যাহাদের বাৎসরিক আয় ২,২০,০০০.০০ (দুই লক্ষ বিশ হাজার) টাকার উর্ধ্বে তাহাদেরকে TIN সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৭.৩. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা সনদপত্র/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৭.৪. মুক্তিযোদ্ধা কোটায় মুক্তিযোদ্ধার সন্তান ও স্ত্রী উক্ত প্রকল্পের জন্য আবেদন করিতে পারিবেন।

৭.৫. অবসরপ্রাপ্ত চাকুরীজীবিকে অবসর গ্রহণের নোটিফিকেশন, শেষ বেতন স্কেল ও মোট বেতনের সার্টিফিকেট ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/স্বায়ত্বশাসিত সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতঃ আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৭.৬. প্রকল্প এলাকার জমি অধিগ্রহণ জনিত ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ আবেদন করিতে পারিবেন, তবে তাহাদিগকে এওয়ার্ড সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।

৭.৭. প্রকৌশলী, আইনজীবী, চিকিৎসক কোটার আবেদনকারীগণকে স্ব স্ব রেজিস্ট্রার্ড কেন্দ্রীয় সংগঠনের প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করিতে হইবে।

৭.৮. সাংবাদিক কোটার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের সাংবাদিকতার সনদপত্রের সত্যায়িত কপি অবশ্যই দাখিল করিতে হইবে।

৭.৯. আবেদনকারীর সঠিক বয়স প্রমাণের জন্য ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত এসএসসি/সমমান পরীক্ষা পাশের সার্টিফিকেটের অনুলিপি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। যাহারা এসএসসি/সমমান পরীক্ষা পাশ করেন নাই, তাহাদের বয়স প্রমাণের জন্য ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন সনদ/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনারের সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে।

Download from www.nha.gov.bd   Date: 21/08/2017

৭.১০. আবেদনপত্রের সহিত আবেদনপত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করিতে হইবে।

৮.০ ভবনের আনুষাঙ্গিক তথ্যাদি ও সুযোগ-সুবিধাদি

৮.১. নির্মিতব্য ভবন ১০ টি যথাযথ ষ্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুযায়ী ১৪-তলা বিশিষ্ট RCC Frame structure এর উপর নির্মিত হইবে Made Through ACI & BNBC Code)।

৮.২. ভূমিকম্প ও ঝড় প্রতিরোধক হইবে।

৮.৩. ১৫০০ বর্গফুট (সিড়ি ,লিফট,লবি সহ), ১৩৫০ বর্গফুট (সিড়ি ,লিফট,লবি সহ) এবং ৮০০ বর্গফুট (সিড়ি, লিফট,লবি সহ) প্রতিটি ফ্ল্যাটের-

মেঝে : সকল কক্ষের মেঝে, সিড়ি, লবি, কমন স্পেসসমূহ টাইল্স যুক্ত ।

দেয়াল : ৫” ইটের দেয়াল উভয় পার্শ্বে প্লাস্টার করতঃ ভিতর পার্শ্বে Plastic paint এবং বহিঃ পার্শ্বে weather coat.

দরজা : প্রবেশ পথের দরজা Chittagong Teak Wood এবং অন্যান্য ক্ষেত্রে উন্নতমানের Veneered Partex ব্যবহৃত হইবে। তবে কোন পরিবর্তন করা হলে মূল্য কম/বেশী হইতে পারে। জানালা : জানালা সমূহ এলুমিনিয়াম স্লাইডিং জানালা এবং টিনটেড গ্লাস দ্বারা নির্মিত হইবে।

বাথরুম : BISF/RAK/FUWANG এর তৈরী উন্নতমানের স্যানিটারী সামগ্রী এবং দেয়ালসমূহ Local Glazed Tiles দ্বারা আবৃত হইবে।

রান্নাঘর : দেয়ালসমূহ Glazed Tiles দ্বারা আবৃত। মেঝে থেকে উচ্চতর কংক্রিট সেলফ Homogeneous Tiles দ্বারা আবৃত, ডাবল বার্ণার গ্যাস চুলার ব্যবস্থা, Exhaust Fan, Stainless steel sink এর ব্যবস্থা থাকিবে।

৮.৪. বৈদ্যুতিক : স্বতন্ত্র বৈদ্যুতিক মিটার, Concealed conduit electric wiring, Earthing connection, Concealed Telephone/ Intercom/ TV/ Standby Generator (for lift, Emergency light and Fan Points) এর ব্যবস্থা থাকিবে এবং যাবতীয় বিদ্যুতের পরিপূর্ণ সুবিধা থাকবে।

৮.৫. অগ্নি নির্বাপক ব্যবস্থা : প্রতিটি ফ্লোরে অগ্নি নির্বাপনের জন্য Fire Extinguisher এর ব্যবস্থা থাকিবে।

৮.৬. উল্লিখিত Specification বহির্ভূত কোন কাজের বা সুবিধার নির্দিষ্ট চাহিদা থাকিলে বরাদ্দ প্রাপক পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিজ দায়িত্বে করিতে পারিবেন। তবে শর্ত থাকিবে যে, কোনক্রমেই দালানের মূল নক্শায় কোন পরিবর্তন/পরিবর্ধন করা যাইবে না।

৯.০ ফ্ল্যাট বরাদ্দের নিয়মাবলী

৯.১. আবেদনকারীকে তাহার পেশা হিসেবে নিম্নবর্ণিত গ্রুপের যে কোন পেশা উল্লেখ করিতে হইবে। কোন আবেদনকারীকে নিম্নবর্ণিত (ক) গ্রুপ হইতে (ঝ) গ্রুপে অন্তর্ভূক্ত না হইলে অন্যান্য গ্রুপে (ঞ) গ্রুপে তাহার পেশার বিষয় উল্লেখ করিতে হইবে। কোন কোটায় ফ্ল্যাটের প্রাপ্যতা অপেক্ষা আবেদন না পাওয়া গেলে অবশিষ্ট ফ্ল্যাটসমূহ কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক অন্য কোটায় সরাসরি সংযোজিত হইবে।

ক্রমিক নং	ক্যাটাগরী	কোটার হার
ক	সরকারী কর্মকর্তা/কর্মচারী	১৮%
খ	আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী	০৮%
গ	মুক্তিযোদ্ধা	০৫%
ঘ	বিশেষ পেশা (শিল্পী, সাহিত্যিক, সাংবাদিক, প্রকৌশলী, চিকিৎসক, আইনজীবী ইত্যাদি)	০৬%
ঙ	সংরক্ষিত কোটা :	
	মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়	০৫%
	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	০৩%
চ	বিদেশে কর্মরত ব্যক্তি	০৫%
ছ	ব্যবসায়ী	১২%
জ	বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী	৩০%
ঝ	অবসরপ্রাপ্ত চাকুরীজীবি	০২%
ঞ	অন্যান্য	০৬%
	সর্বমোট =	১০০%

Download from www.nha.gov.bd Date: 21/08/2017

৯.২ চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকার দপ্তরে গৃহায়ন গণপূর্ত মন্ত্রনালয়ের প্রতিনিধি উপস্থিতিতে লটারীর মাধ্যমে কোটাভিত্তিক বরাদ্দ প্রাপক/ফ্ল্যাট নির্ধারণ করা হইবে।

৯.৩ যে কোন ধরনের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বোর্ড সভার সিদ্ধান্ত চুড়ান্ত হিসাবে বিবেচিত হইবে।

৯.৪ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময়ে প্রসপেক্টাস এ উল্লেখিত যে কোন শর্ত/শর্তাদি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন এর ক্ষমতা সংরক্ষণ করে।

১০. ০ : চুক্তিপত্র সম্পাদন ঃ

১০.১ দখলপত্র গ্রহণের সময় বরাদ্দ প্রাপককে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে নির্ধারিত সকল শর্তাবলী প্রতিপালনের লক্ষে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে 'চুক্তিপত্র' সম্পাদন করিতে হইবে।

১১.০ : ইজারা দলিল সম্পাদন ঃ

১১.১ : ফ্ল্যাটের সমূদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যোগে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সহিত ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করিতে হইবে।

১১.২ : বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা হাউজিং ষ্টেট এর প্রযোজ্য কোন শর্ত /সুবিধাকে এই প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলিয়া দাবি করিতে পারিবেন না।

খন্দকার আখতারুজ্জামান
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
ফোন ঃ (০২) ৯৫৬২৭৬২

Download from www.nha.gov.bd Date: 21/08/2017

ছবি

পরিশিস্ট-খ

৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে
হলফ নামার নমুনা

আমি :...

পিতা/স্বামী :...মাতা..

জন্ম :...

বর্তমান :...

ঠিকানায় বসবাসরত এবং আমার স্থায়ী ঠিকানা : ....গ্রাম ....

ডাকঘর :.. থানা :..

জেলা : ....নাগরিকত্ব ....

এ মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক ফ্ল্যাটের প্রয়োজন এবং আরো অঙ্গীকার করছি যে, ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ ও উত্তর উভয়) এলাকার মধ্যে কোথাও আমার নিজের নামে/স্ত্রী/স্বামী/সন্তান/পোষ্যের নামে কিংবা বেনামে ইতোপূর্বে কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইতে জমি/ফ্ল্যাট বরাদ্দ পাই নাই।

আমি আরো অঙ্গীকার করছি যে, প্রস্পেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল শর্তাবলীও মেনে চলবো।

উপরোক্ত ঘোষনা সত্য ও নির্ভূল।

....
হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত,
তিনি আমার সম্মুখে সহি করেছেন,
আমি তার পরিচয় প্রদানকারী

....
এডভোকেট

নোটারী পাবলিক/প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট

....
বিদেশে চাকুরীরত কর্মকর্তা প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক /
বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর

Download from www.nha.gov.bd

Date: 21/08/2017

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন মিরপুরস্থ ৯ নং সেকশনে (মিরপুর ডিওএইচএস সংলগ্ন) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সিঁড়ি, লবি ও লিফটসহ ১৫০০ বর্গফুট, ১৩৫০ বর্গফুট এবং ৮০০ বর্গফুট আয়তনের ১০০০ আবাসিক ফ্ল্যাট নির্মান প্রকল্পের অবশিষ্ট ৩০০ টি (কম বেশী) আবাসিক ফ্ল্যাট বরাদ্দের (স্বপ্ননগর আবাসিক প্রকল্প)

আবেদন পত্রের ক্রমিক নম্বর

অফিস কর্তৃক পুরণ করা হইবে

আবেদন পত্র

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি

১ (এক) কপি সুদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগাইতে হইবে

১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে) ঃ

বাংলায় ....

ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে)..

২। পিতা / স্বামীর নামঃ ...., মাতার নাম ঃ ....

৩। আবেদনকারীর জন্ম তারিখ ঃ ...., বয়স ঃ ....

(বয়সের প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে)

৪। বর্তমান ঠিকানা ঃ ....

টেলিফোন নম্বর (যদি থাকে) ঃ .... মোবাইল ঃ ....

৫। স্থায়ী ঠিকানা ঃ ....

৬। ভোটার আই ডি নং (যদি থাকে) ঃ ....

৭। পেশার বিবরণ ঃ

(ক) অফিস/সংস্থা/ব্যবসা প্রতিষ্ঠানের নাম ঃ

(খ) চাকুরীজীবি হইলে ঃ ১। পদের নাম ঃ   ২। বেতন স্কেল ঃ

৩। বর্তমান প্রাপ্ত মূল বেতন ঃ   ৪। চাকরীতে যোগদানের তারিখ ঃ

৫। মেয়াদ কাল ঃ

(গ) ব্যবসায়ী হইলে ব্যবসার ধরণ ঃ

(ঘ) অন্যান্য উৎস হইতে আয় ঃ

(আয়ের স্বপক্ষে প্রমাণ পত্র এবং আয়কর সনদের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

৮। টি আই এন নম্বর ঃ ....

৯। (ক) প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর ঃ..., তারিখ ঃ ....

(মূল রশিদ সংযুক্ত করিতে হইবে)

(খ) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং ঃ ....

তারিখ ঃ ...., ব্যাংকের নাম ঃ ...., শাখা ঃ ....

(গ) মার্কিন ডলার/পাউন্ড স্টার্লিং এর বিবরণ ঃ ....

১০। আবেদনকৃত ফ্ল্যাটের আয়তন ঃ

(কোন প্রকার কাটাকাটি/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১১। যে পেশা/কোটায় ফ্ল্যাট পাইতে আগ্রহী ঃ

(কোন প্রকার কাটাকাটি/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১২। প্রসপেক্টাসে বর্ণিত চাহিদামতে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবে।

১৩। হলফনামার তারিখ ঃ ....

(খিঃ তারিখের পরে সম্পাদিত ৩০০/- টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ হলফনামা সংযুক্ত করিতে হইবে)

Download from www.nha.gov.bd Date: 21/08/2017

NRB এর জন্য কর্মরত দেশের প্রচলিত ব্যবস্থা/বাংলাদেশ দূতাবাসের কোন কর্মকর্তার সম্মূখে সম্পাদিত হলফনামা গৃহীত হইবে।

আমি অঙ্গীকার করিতেছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভূল এবং সত্য।

১৪। আবেদনকারীর (নিজ নামে) ব্যাংক হিসাব নম্বর ঃ ...., ব্যাংকের নাম ঃ ....,

শাখা ঃ ...., SWIFT CODE (যদি থাকে) ঃ ....Routing No. (যদি থাকে) ঃ ....